

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১৬০.২৭.০৯১.১৬-০৬


তারিখ: ৭ ফাল্গুন ১৪২৪
১৯ ফেব্রুয়ারি ২০১৮

বিষয়: অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.০০.০০০০.২২২.২৭.০৩৫.৩৫.০৫, তারিখ: ৭ জানুয়ারি ২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে সেবাপ্রত্যাশী জনগণের চাহিদা পূরণের মাধ্যমে জনবান্ধব প্রশাসন গড়ে তোলার উদ্দেশ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রমের প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত 'ছকে' প্রেরণ করা হল।

সংযুক্তি: ১ (এক) পৃষ্ঠা।


(আফিয়া খাতুন)

যুগ্ম সচিব ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ফোন: ৯১১০২১২

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: জনাব মোহাম্মদ জাহেদুর রহমান, সিনিয়র সহকারী সচিব
সুশাসন ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা শাখা।

অনুলিপি:

✓ সিস্টেম এনালিস্ট
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) কার্যক্রম

মন্ত্রণালয়/বিভাগের নাম: প্রতিরক্ষা মন্ত্রণালয়

মাসের নাম: জানুয়ারি ২০১৮

মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
প্রতিরক্ষা মন্ত্রণালয়	৩টি	২টি	<p>১। অভিযোগ হচ্ছে গত ২০-০৭-২০১৭ তারিখে মাননীয় শিক্ষামন্ত্রী বরাবর দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে ১২-০৯-২০১৭ তারিখে সংগঠিত তদন্তের পরিপ্রেক্ষিতে গত ১৭-১০-২০১৭ তারিখ শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-১২ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক আবেদনকারীকে অদ্যাবধি এম.পি.ওভুক্ত করা হয়নি। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অভিযোগটি ভুলবশত: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনলাইনে প্রেরণ করা হয়েছে। অভিযোগটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাভুক্ত নয় বিধায় সংশ্লিষ্ট কাগজপত্রাদি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।</p> <p>২। অভিযোগ হচ্ছে আবেদনকারী নারায়নগঞ্জ জেলার আড়াই হাজার থানার গোপালদি গ্রামের অধিবাসী। কিন্তু তাঁদের গ্রামে তাঁরা নিরাপদ বোধ করে না। সেখানে হিন্দু অধুষিত একটি এলাকায় মাদক সেবনকারী এবং ডাকাতদের অত্যাচারে তাঁরা জর্জরিত। ভুলবশত: অভিযোগটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনলাইনে প্রেরণ করা হয়েছে। অভিযোগটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাভুক্ত নয় বিধায় সংশ্লিষ্ট কাগজপত্রাদি জননিরাপত্তা বিভাগে প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।</p>	১টি	---

(আফিয়া খাতুন)

যুগ্ম সচিব ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ফোন: ৯১১০২১২